

রাজশাহী বিশ্ববিদ্যালয়

একাদশ সমাবর্তনে অংশগ্রহণকারী শিক্ষকবৃন্দের জন্য প্রয়োজনীয় তথ্যাবলী

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একাদশ সমাবর্তন আগামী ৩০.১১.২০১৯ তারিখ বেলা ৩:৩০মি. রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শেখ কামাল স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। উক্ত সমাবর্তনে অংশগ্রহণকারী শিক্ষকবৃন্দের জন্য প্রয়োজনীয় তথ্যাবলী নিম্নে উল্লেখ করা হলো:

১. অংশগ্রহণকারী সম্মানিত শিক্ষকবৃন্দ নিজ বিভাগ/ইনস্টিটিউট থেকে সমাবর্তন কস্টিউম ও খাবার কুপনসহ অন্যান্য দ্রব্যাদি আগামী ২৯.১১.২০১৯ তারিখ সকাল ৯:০০টা হতে দুপুর ১২:০০টা ও বিকাল ৩:০০টা হতে সন্ধ্যা ৭:০০টা এবং ৩০.১১.২০১৯ তারিখ সকাল ৯:০০টা হতে বেলা ১০:০০টার মধ্যে সংগ্রহ করতে পারবেন। সম্মানিত সিনেট সদস্য, সিন্ডিকেট সদস্য এবং সকল অনুষদের অধিকর্তাবৃন্দকে পরিষদ শাখা হতে তাঁদের কস্টিউম ও খাবার কুপনসহ অন্যান্য দ্রব্যাদি সংগ্রহের জন্য অনুরোধ করা যাচ্ছে।
২. ৩০.১১.২০১৯ তারিখ বেলা ১১:০০টা হতে ১:০০টার মধ্যে অংশগ্রহণকারী শিক্ষক ও আমন্ত্রিত অতিথিবৃন্দ স্টেডিয়ামের ১নং গেট দিয়ে সমাবর্তনস্থলে প্রবেশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
৩. অনুষ্ঠানস্থলে প্রবেশের জন্য সমাবর্তনের আমন্ত্রণপত্র অবশ্যই সঙ্গে রাখতে হবে। আমন্ত্রণ পত্র হস্তান্তরযোগ্য নয়। ব্যক্তিগত আগ্নেয়াস্ত্র, মোবাইল ফোন বা অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস, হাতব্যাগ, ক্যামেরা, পানির বোতল সঙ্গে নিয়ে অনুষ্ঠানস্থলে প্রবেশ করা যাবে না।
৪. দুপুরের খাবারের কুপন সংগে রাখতে হবে। বেলা ১১:০০টা হতে ১:০০টার মধ্যে স্টেডিয়ামের অভ্যন্তরে অবস্থিত নির্ধারিত কাউন্টার হতে খাবার সংগ্রহ করে সেখানেই খাওয়া-দাওয়া সম্পন্ন করতে হবে।
৬. প্রয়োজনীয় তথ্যের জন্য ০১৭৩০৮৫৯৮৭৮ নম্বরে যোগাযোগ করা যাবে।

স্বা/-

প্রফেসর এম এ বারী
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী বিশ্ববিদ্যালয়